



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd



স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৪৭.২০-৫৮

তারিখঃ

১১ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ

২৪ ফেব্রুয়ারী ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: নতুন এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের নিয়োগ কমিটিতে ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার প্রতিনিধির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীদের এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা/সিদ্ধান্ত প্রদান প্রসঙ্গে।

- সূত্র: (১) আঞ্চলিক উপ-পরিচালক, সিলেট এর স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১৯.০১২.২০-৪২২; তারিখ: ০৫.১১.২০২০ খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৪৭.২০-৪২৬; তারিখ: ১২.১১.২০২০ খ্রি.
(৩) আঞ্চলিক উপ-পরিচালক, সিলেট এর স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১৯.০১২.২০-৪৩৪; তারিখ: ২২.১১.২০২০ খ্রি.
(৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৪৭.২০-৪৬৪; তারিখ: ০৭.১২.২০২০ খ্রি.
(৫) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.০৬.০০১.২১-২২; তারিখ: ১৪.০২.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে সরকারি আলিয়া মাদ্রাসা সিলেট হতে মহাপরিচালকের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করার কোন আদেশ না থাকায় নতুন এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের নিয়োগ কমিটিতে ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার প্রতিনিধির মাধ্যমে ২০০৮ সালের পূর্বে নিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের এমপিওভুক্তির বিষয়ে আঞ্চলিক উপ-পরিচালক সিলেট কর্তৃক নির্দেশনা কামনা করা হয়।

ক্রম	প্রতিষ্ঠানের নাম	উপজেলা	জেলার নাম	মন্তব্য
০১	মাদ্রাসা-এ- তৈয়বিয়া তাহেরিয়া হেলিমিয়া সুন্নিয়া।	সিলেট সদর	সিলেট	উক্ত প্রতিষ্ঠান সমূহের শিক্ষক/কর্মচারীদের নিয়োগ কার্যক্রমে সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার সহকারী অধ্যাপক/প্রভাষক ডিজি'র মহোদয়ের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেছেন।
০২	ইলাইগঞ্জ হিফজুল কোরআন দাখিল মাদ্রাসা।	দক্ষিণ সুরমা	সিলেট	
০৩	লতিফিয়া ইরশাদিয়া দাখিল মাদ্রাসা।	বিশ্বনাথ	সিলেট	
০৪	হযরত শাহচান্দ শাহকালু ইসলামিয়া আলিম মাদ্রাসা।	বিশ্বনাথ	সিলেট	
০৫	ভাদেশ্বর হাফিজিয়া দাখিল মাদ্রাসা।	গোপালগঞ্জ	সিলেট	
০৬	বারহাল আলিম মাদ্রাসা।	গোয়াইনঘাট	সিলেট	
০৭	হাতিয়া পীর আকিলশাহ নেছারিয়া দাখিল মাদ্রাসা	দিরাই	সুনামগঞ্জ	
০৮	কালারুখা লতিফিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা	ছাতক	সুনামগঞ্জ	
০৯	গাবুরগাঁও দাবুল কোরআন দাখিল মাদ্রাসা	ছাতক	সুনামগঞ্জ	
১০	রাধানগর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা	ছাতক	সুনামগঞ্জ	
১১	নরসিংহপুর আদর্শ দাখিল মাদ্রাসা	দোয়ারা বাজার	সুনামগঞ্জ	
১২	পীরেরগাঁও সুন্নিয়া দাখিল মাদ্রাসা	জগন্নাথপুর	সুনামগঞ্জ	

চলমান পাতা-০২

= পৃষ্ঠা নং-০২ =


০২. সূত্রে বর্ণিত ০২ নং পত্রে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সুনির্দিষ্ট মতামত/সুপারিশসহ পুণরায় প্রস্তাব প্রেরণের জন্য আঞ্চলিক উপ-পরিচালক, সিলেটকে পত্র প্রেরণ করার প্রেক্ষিতে সূত্রে বর্ণিত ০৩ নং পত্রে আঞ্চলিক উপ-পরিচালক, সিলেট সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করেন। সূত্রে বর্ণিত ০৪ নং পত্রে আঞ্চলিক উপ-পরিচালক, সিলেট এর সাথে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর একমত পোষণ করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করেন।

০৩. সূত্রে বর্ণিত ০৫ নং পত্রে শিক্ষক/কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে নির্বাচনী কমিটিতে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের গত ৩১.০৫.২০০০ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক কেন কার্যক্রম গ্রহণ করা হয়নি তা টিএমইডিকে অবহিতকরণ এবং কর্মপরিধি অনুযায়ী মাদ্রাসার জনবল (প্রতিষ্ঠান নয়) এমপিওভুক্তির এখতিয়ার ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের রয়েছে এবং বিষয়টি ডিএমই কর্তৃক নিষ্পত্তির জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।

০৪. এমতাবস্থায়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনার আলোকে উপরিউক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির আবেদন নিষ্পত্তির জন্য তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক তালিকাসহ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ ফর্দ।

উপ-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
সিলেট অঞ্চল।


24.02.21
(মোঃ আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি: সদয় কার্যার্থে/অবগতির জন্য

- ১। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২। উপ সচিব (এমপিও), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৪। অধ্যক্ষ/সুপার মাদ্রাসা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।